দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ ..25 JAN 1989... ...
পৃষ্ঠা... ... ... ...5... কলাম ...1... ...

৩৭

016

# শিক্ষাঙ্গন

## শিক্ষার পরিবেশ

মহা কবি আল্লামা ইকবালের মতে "সৃজনী শক্তি মানুষের শ্রেষ্ঠ গুণ।" একথা সুস্পষ্ট যে, মানবাত্মার উক্ত সৃজনী শক্তি বা প্রতিভার বিকাশ ঘটে একমাত্র শিক্ষার মাধ্যমে। আর এ শিক্ষা আমরা লাভ করে থাকি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে। শিক্ষা প্রতিষ্ঠান অত্যন্ত পবিত্র অঙ্গন। কিন্তু অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, আমাদের দেশের শতকরা নব্বই ভাগেরও বেশী শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নেই। ফলে আমাদের দেশের অধিকাংশ ছাত্রই তাদের লুকায়িত প্রতিভার বিকাশ ঘটাতে সক্ষম হয় না। প্রধানতঃ নিম্নোক্ত কারণেই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ থাকে নাঃ

(ক) জাতীয় আদর্শ বিবর্জিত রাজনৈতিক দাঙ্গা-হাঙ্গামা, (খ) শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সমুন্নত রাখার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক দুর্বলতা, (গ) যোগ্যতার মুল্যায়ন না করে দুর্নীতি ও স্বজন-প্রীতির মাধ্যমে অযোগ্য শিক্ষক নিয়োগে অবৈধ পন্থা অবলম্বন এবং (ঘ) শিক্ষাঙ্গনে জাতীয় আদর্শভিত্তিক শিক্ষার পরিবর্তে বিজাতীয় শিক্ষা ব্যবস্থা চালু থাকা। শিক্ষাঙ্গনে ধর্মীয় শিক্ষার গুরুত্ব কম থাকায় ছাত্র-ছাত্রীদের মাঝে নৈতিক অবক্ষয় বৃদ্ধি পাচ্ছে।

শিক্ষা মানুষকে অন্ধকার থেকে আলোর দিকে নিয়ে আসে। কিন্তু আমাদের সমাজে শিক্ষার এ সুফল খুব কমই লক্ষ্য করা যায়। যার প্রমাণ আমাদের বর্তমান যুব সমাজ ও শিক্ষাঙ্গন। দেশের প্রায় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে চলছে জাতীয় আদর্শ বিবর্জিত রাজনৈতিক দাঙ্গা-হাঙ্গামা, হত্যা, সন্ত্রাস, অবাধ নকল প্রবণতা ইত্যাদি। একথা সকলেরই জানা আছে যে, বাংলাদেশ বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ ও দরিদ্র দেশ।

অর্থনৈতিক অনগ্রসরতা, বিভিন্ন সময় প্রাকৃতিক দুর্যোগ, প্রয়োজনের তুলনায় শিক্ষা ক্ষেত্রে স্বল্প পরিমাণ বাজেট ইত্যাদি বহুবিধ কারণে এখানে শিক্ষার প্রসার ঘটেনি। যার ফলে দেশের বিপুল পরিমাণ জনশক্তির অধিকাংশই নিরক্ষরতার অভিশাপে অভিশপ্ত।

যে দেশের শিক্ষার মান এত নীচে সেখানে শিক্ষাঙ্গনগুলোর এমন করুণ পরিস্থিতি সত্যিই জাতির জন্যে দুর্ভাগ্যজনক ব্যাপার। এ থেকে বাঁচতে হলে দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে অস্ত্রমুক্ত ও জাতীয় আদর্শ বিবর্জিত রাজনীতি বন্ধ করতে হবে।

এ ব্যাপারে দেশের সরকার ও স্থানীয় প্রশাসনই, কার্যকরী ভূমিকা পালন করতে সক্ষম। শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য আমাদের প্রশাসন যদি আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করে যান, তবে অবশ্যই আমাদের দেশের শিক্ষার মান উন্নত হবে এবং আমাদের জাতীয় জীবনের অন্যান্য স্তরেও উন্নয়ন ঘটবে।

— মোঃ রফিকুল ইসলাম ফারুকী